DCS Newsletter

# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ০৭ | জানুয়ারি ২০২৫








## বাংলাদেশ জামায়াতে ইসলামী
## ঢাকা মহানগরী দক্ষিণ

web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277

# ডিআরইউ’র নব–নির্বাচিত কমিটিকে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের অভিনন্দন






ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) এর ৩০ নভেম্বর অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির নির্বাচনে সভাপতি পদে দৈনিক নয়া দিগন্তের চিফ রিপোর্টার আবু সালেহ আকন, সহ-সভাপতি পদে গাজী আনোয়ার হোসেন ও সাধারণ সম্পাদক পদে মাইনুল হাসান সোহেলসহ নির্বাচিতদের উষ্ণ অভিনন্দন ও প্রাণঢালা শুভেচ্ছা জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর নূরুল ইসলাম বুলবুল এবং কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।

যৌথ শুভেচ্ছা বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, সাংবাদিকগণ হচ্ছেন জাতির বিবেক। দেশের স্বার্থে প্রতিটি ক্ষেত্রে সত্যকে তুলে ধরা তাদের কাজ। ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) বাংলাদেশে সাংবাদিকদের তেমনি একটি পেশাদার ও গুরুত্বপূর্ণ সংগঠন। দেশ ও জাতির যেকোনো ক্রান্তিকালে এই সংগঠনটি দেশপ্রেমিক গণমাধ্যমকর্মীদের ঐক্যবদ্ধ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছ।

শুভেচ্ছা বিবৃতিতে জামায়াত নেতৃদ্বয় আশাবাদ ব্যক্ত করে করে বলেন, সদস্যদের প্রত্যক্ষ ভোটে নবনির্বাচিত সাংবাদিক নেতৃত্ব দেশ সংস্কারের এই সময়ে জাতীয় স্বার্থ রক্ষা, দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব অটুট রাখা, গণতন্ত্র ও গণতান্ত্রিক মূল্যবোধ এবং মানবাধিকার প্রতিষ্ঠাসহ দেশে আইনের শাসন প্রতিষ্ঠায় ঐতিহাসিক ভূমিকা পালন করবেন।

# সাংস্কৃতিক সংগঠন ইনকিলাব সাংস্কৃতিক সংসদ (ইসাস) এর উদ্যোগে জুলাই বিপ্লবের শহীদদের স্মরণে আয়োজিত আলোচনা সভা ও সাংস্কৃতি অনুষ্ঠান

১ ডিসেম্বর ২০২৪




বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, জুলাই বিপ্লবে ছাত্র জনতা শহীদ হয়ে কেবলমাত্র একটি সরকারকেই পতন ঘটায়নি। শুধু আওয়ামীদের পতন ঘটানোই মূল উদ্দেশ্য ছিলো না। গোটা বাংলাদেশের উপরে চেপে বসা আধিপত্যবাদ থেকে মুক্ত হতেই নতুন স্বাধীনতা যোদ্ধারা জীবন দিয়েছে, পঙ্গুত্ব বরণ করেছে। তিনি বলেন, এই দেশে আল্লাহদ্রোহী যত দল, মত, গোষ্ঠী আছে যারা আমাদের আইনজীবী সাইফুলকে হত্যা করেছে তাদেরকে বিচার করে স্ব-মূলে উৎপাটনের মাধ্যমে নতুন অর্জিত স্বাধীনতাকে অর্থবহ করা হবে।

৩০ নভেম্বর রাতে জাতীয় সামাজিক সাংস্কৃতিক সংগঠন ইনকিলাব সাংস্কৃতিক সংসদ (ইসাস) এর উদ্যোগে জুলাই বিপ্লবের শহীদদের স্মরণে আয়োজিত আলোচনা সভা ও সাংস্কৃতি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

# নিরাপদ সড়ক চাই (নিসচা) প্রতিষ্ঠা বার্ষিকীর আলোচনা সভায়



নিরাপদ সড়কের জন্য প্রয়োজন নিরাপদ রাষ্ট্র ও সরকার
- ড. শফিকুল ইসলাম মাসুদ







০৩ ডিসেম্বর দুপুরে জাতীয় প্রেস ক্লাবের মিলনায়তনে নিরাপদ সড়ক চাই (নিসচা) প্রতিষ্ঠা বার্ষিকীর আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। এসময় তিনি অন্তবর্তীকালীন সরকারের প্রতি আহ্বান জানিয়ে বলেন, নিজেদের দায়িত্ববোধ থেকে নিরাপদ সড়ক চাই সংগঠনের নেতৃবৃন্দকে ডেকে নিয়ে তাদের কর্মসূচি নাগরিক স্বার্থে বাস্তবায়নের উদ্যোগ গ্রহন করা জরুরী।

# শ্রদ্ধা আর ভালোবাসায় চিরনিদ্রায় শায়িত অবিভক্ত ঢাকা মহানগরীর সাবেক আমীর শাহ জালাল

৪ ডিসেম্বর ২০২৪



বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শূরার সাবেক সদস্য অবিভক্ত ঢাকা মহানগরীর মজলিসে শূরা ও কর্মপরিষদের সাবেক সদস্য মো. শাহজালাল মঙ্গলবার (৩ ডিসেম্বর) রাতে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজেউন)। বুধবার (৪ ডিসেম্বর) সকালে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমানের ইমামতিতে রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা মাঠে মরহুমের ১ম জানাজা অনুষ্ঠিত হয়।



# শাহজাহানপুর থানার কর্মী সম্মেলন

**৬ ডিসেম্বর ২০২৪**

## জামায়াতের প্রতিটি কর্মীকে শহীদ হতে হলেও ছাত্র-জনতার অর্জিত স্বাধীনতা রক্ষা করা হবে : অধ্যাপক মুজিবুর রহমান










গত ১৫ বছরে আওয়ামী লীগ দলীয় লোকজন ব্যতিত সাধারন জনগণকে কোন নিয়োগ দেয়নি। ক্ষমতা দখল করে রাখতে এই নিয়োগ প্রাপ্তরা শেখ হাসিনাকে সহযোগিতা করেছে। তারা ভেবেছে দলীয় লোকদের নিয়োগ দিলে তাদের ক্ষমতা চিরস্থায়ী থাকবে। কিন্তু এদেশের জনগণ সেটা মেনে নেয়নি। জনগণ আওয়ামী লীগকে বিদায় করে অন্তবর্তীকালীন সরকার গঠন করেছ।

এখন অন্তবর্তীকালীন সরকারের অন্যতম দায়িত্ব হচ্ছে আওয়ামী দূষিত লোকদের প্রশাসন থেকে বিতাড়িত করা। শুক্রবার (০৬ ডিসেম্বর) সকালে রাজধানীর শাহজাহানপুর থানা জামায়াতে ইসলামীর কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমীর সাবেক এমপি অধ্যাপক মুজিবুর রহমান এসব কথা বলেন। এসময় তিনি বলেন, জামায়াতে ইসলামীর প্রতিটি কর্মীকে শহীদ হতে হলেও ছাত্র-জনতার অর্জিত স্বাধীনতা রক্ষা করা হবে।যৌথ শুভেচ্ছা বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, সাংবাদিকগণ হচ্ছেন জাতির বিবেক। দেশের স্বার্থে প্রতিটি ক্ষেত্রে সত্যকে তুলে ধরা । অধ্যাপক মুজিবুর রহমান বলেন, আগে সংস্কার পরে নির্বাচন; ছাত্র-জনতার অঙ্গীকার। কিন্তু কেউ কেউ সংস্কারের আগেই নির্বাচনের জন্য লাফালাফি করছে। যত লাফালাফি করা হোক না কেন সংস্কারের আগে নির্বাচন দেওয়া যাবে না। ছাত্র-জনতা ক্ষমতার পরিবর্তনের জন্য জীবন ও রক্ত দেয়নি।

# যুব উন্নয়ন সংস্থা ঢাকার বিজয় দিবস ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন

৬ ডিসেম্বর ২০২৪




রাজধানীতে যুব উন্নয়ন সংস্থা আয়োজিত বিজয় দিবস ২০২৪ উপলক্ষে আন্ত: থানা ক্রিকেট টুর্নামেন্ট এর উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি বাউফল ফাউন্ডেশনের চেয়ারম্যান ড. শফিকুল ইসলাম মাসুদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন ঘোষণা করেন।

আজ শুক্রবার (৬ ডিসেম্বর ২০২৪) সকালে ধূপখোলা মাঠে আয়োজিত যুব উন্নয়ন সংস্থা ঢাকার উপদেষ্টা মুহাম্মদ কামাল হোসাইনের সভাপতিত্বে বিজয় দিবস ২০২৪ আন্ত: থানা ক্রিকেট টুর্নামেন্ট এর উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়।

# পল্টন ব্যবসায়ী কল্যাণ সোসাইটির মতবিনিময় সভা অনুষ্ঠিত

৭ ডিসেম্বর ২০২৪




পল্টন ব্যবসায়ী কল্যাণ সোসাইটির উদ্যোগে 'আদর্শ সমাজ বিনির্মাণে ব্যবসায়ীদের ভূমিকা শীর্ষক মতবিনিময় সভা' শনিবার (০৭ ডিসেম্বর) রাতে হোটেল রহমানিয়া ইন্টারন্যাশনালের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল।
বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারী ড. শফিকুল ইসলাম মাসুদ, আই.বি.ডব্লিউ.এফ ঢাকা মহানগরী দক্ষিণের সভাপতি আমিনুর রহমান ও পল্টন থানা আমীর শাহীন আহমেদ খান। হজ্জ এজেন্সি এসোসিয়েশন বাংলাদেশ'র (হাব) প্রতিষ্ঠাতা সহ-সভাপতি সৈয়দ গোলাম সরওয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় ব্যবসায়ী নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন আইয়ুব আলী ফরাজী, মেজবাহ উদ্দিন সাঈদ ও মাওলানা কুতুবউদ্দিন।

# ডেমরা জোনের উদ্যোগে সুধী সমাবেশ অনুষ্ঠিত

৮ ডিসেম্বর ২০২৪




ফ্যাসিবাদমুক্ত বৈষম্যহীন কল্যাণমুখী বাংলাদেশ গড়তে দলমত নির্বিশেষে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, "আমরা সবাই মিলে এমন একটি বাংলাদেশ গড়তে চাই যেখানে কোন দুর্নীতি ও বৈষম্য থাকবে না। আমরা আত্মপ্রত্যয়ী, স্বাধীনচেতা, ইনসাফভিত্তিক বাংলাদেশ গড়ে তুলবো। বিতাড়িত জালিম ফ্যাসিবাদ ১৫ বছরে দেশের মানুষকে দারিদ্রতা, দুর্নীতি, খুন, গুম উপহার দিয়েছে। যার ফলশ্রুতিতে ছাত্র-জনতার আন্দোলনে তাদেরকে দেশ ছেড়ে পালাতে হয়েছে। যারা অপরাধ করেছে, দুর্নীতি করেছে, লুটপাট করেছে, বৈষম্য সৃষ্টি করেছে, মানুষকে হত্যা করেছে, লাশের মিছিল তৈরি করেছে, আয়নাঘর বানিয়েছে তাদেরকে ছাড় দেওয়া হবে না। যারা দেশের মানুষের বুকে গুলি চালিয়েছিল তাদের নাম দেশের জনগন শুনতে চায় না। তাদের বিচারের কথা উল্লেখ করে ড. মাসুদ বলেন, যেই আদালতে জামায়াতের শীর্ষ নেতাদেরকে অন্যায়ভাবে ফাঁসি দেওয়া হয়েছে এখন সেই আদালতেই তাদের বিচার হবে ইনশাআল্লাহ। যারা আমাদের রক্তচক্ষু দেখাতে চায় তাদেরকে আমরা দৃঢ়ভাবে জানাতে চাই, আজ দেশের মানুষ সিদ্ধান্ত নিলে তাদের হোটেল বন্ধ হবে, হাসপাতাল বন্ধ হবে, তাদের অর্থনৈতিক কাঠামো ভেঙে পড়বে।"

# "ফ্রেমে বন্দি ৩৬ জুলাই" পরিদর্শনে জাতীয় জাদুঘরে ঢাকা মহানগরী জামায়াত নেতৃবৃন্দ

৮ ডিসেম্বর ২০২৪






# হিউম্যান রাইটস এইড বাংলাদেশ কর্তৃক আয়োজিত বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষ্যে সেমিনার

**১০ ডিসেম্বর ২০২৪**

## মানবাধিকার নামাজ-রোজার মতই ধর্মীয় অনুশাসন - বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী







মানবাধিকার নামাজ-রোজার মতই ধর্মীয় অনুশাসন। এটা ত্যাগ করা যাবে না। প্রকৃত মুসলমানরা মানুষের অধিকার বিনষ্ট করে না, করতে পারে না উল্লেখ করে বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী বলেন, পশ্চিমাদের মানবাধিকার নয়, এদেশে ইসলামী আদর্শের মানবাধিকার চর্চা করতে হবে। আমরা পশ্চিমাদের থেকে ধার করে মানবাধিকার নিয়ে আসি নাই।

আমাদের মানবাধিকারের শিক্ষা দিয়েছেন হযরত মুহাম্মদ (সা.) যিনি মক্কা বিজয়ের পর মানবিক বিবেচনায় সকল কাফেরকে ক্ষমা করে দিয়েছেন। আমিরুল মোমিনীন হযরত ওমর (রা) তার নিজের উট আরোহীকে সফরকালে উটের বসিয়ে নিজে উটের রশি টেনে মুসলিমদের মানবাধিকারের শিক্ষা দিয়েছেন। আমরা মুসলিমরা সেই মানবাধিকার চর্চা করি। মঙ্গলবার (১০ ডিসেম্বর) বিকেলে রাজধানীর ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে 'হিউম্যান রাইটস এইড বাংলাদেশ'- কর্তৃক আয়োজিত বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষ্যে সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

# কাশিমপুর থানা জামায়াতে ইসলামীর কর্মী সম্মেলন

১৩ ডিসেম্বর ২০২৪

যারা ভোগের রাজনীতি করে তারা শাসক হয়, যারা ত্যাগের রাজনীতি করে তারা সেবক হয় - ড. শফিকুল ইসলাম মাসুদ






# খিলগাঁও পূর্ব থানার উদ্যোগে কর্মী সম্মেলন

১৩ ডিসেম্বর ২০২৪




বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, চাঁদাবাজ ও দখলদারিত্বকে বাংলাদেশের মানুষ আর গ্রহণ করবে ন। দেশে রাজনীতির একটা গুণগত পরিবর্তন হয়েছে। এখন আর আধিপত্যবাদ মানুষ পছন্দ করে না। আগামীতে বাংলাদেশ জামায়াতে ইসলামী এমন একটি রাষ্ট্র গঠন করতে চায়, যে রাষ্ট্রে প্রত্যেক নাগরিক হবে রাষ্ট্রের একজন সম্মানিত নাগরিক। তাদের সামনে কোনো জুলুমকারী শাসক থাকবে না, শাসক যিনি হবেন তিনি হবেন সেবক। সেই সেবক হওয়ার কাজে সকলে জামায়াতের সাথে থেকে দায়িত্ব পালন করবে বলে তিনি প্রত্যাশা করেন। তিনি বলেন, এদেশে সবচেয়ে বেশি নির্যাতনের শিকার হয়েছে জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্রশিবির। রিমান্ডে নির্যাতন, হাত- পা হারিয়ে সর্বোচ্চ ত্যাগ শিকার করে আমরা এদেশের জনগণের কল্যাণেষ কাজ করার সিদ্ধান্ত নিয়েছি। ১৩ ডিসেম্বর) বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের খিলগাঁও পূর্ব থানার উদ্যোগে স্থানীয় বালুর মাঠে কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঢাকা মহানগরী দক্ষিণের মজলিসে শূরা সদস্য ও খিলগাঁও পূর্ব থানা আমীর মোহাম্মদ শাহজাহান এর সভাপতিত্বে সম্মেলনে আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা ও মহানগরী কর্মপরিষদ সদস্য মাওলানা ফরিদুল ইসলাম, ছাত্রশিবির ঢাকা মহানগরী পূর্ব সভাপতি মোজাফফর হোসেন, মহানগরী মজলিসে শূরা সদস্য মাওলানা মনির বিন আনোয়ার, এস এম মাহমুদ হাসান, সালেহ আহমদ, মাওলানা আব্দুল বারী, নাসির উদ্দিন প্রমুখ।

# রাজধানীতে ‘তালিমুল কুরআন এন্ড রিসার্চ সেন্টারে’র শুভ উদ্বোধন করেন জননেতা নূরুল ইসলাম বুলবুল

১৪ ডিসেম্বর ২০২৪




রাজধানীর কাঁটাবন কেন্দ্রীয় মসজিদ পার্শ্ব হলে আয়োজিত তালিমুল কুরআন এন্ড রিসার্চ সেন্টারের শুভ উদ্বোধন ঘোষণা করেন তালিমুল কুরআন এন্ড রিসার্চ সেন্টারের প্রধান উপদেষ্টা জননেতা মো. নূরুল ইসলাম বুলবুল। তোমাদের মধ্যে সেই ব্যক্তি উত্তম যিনি কুরআন শিখেন এবং অপরকে শিক্ষা দেন (সহীহ বুখারী: ৫০২৭) এই ব্রত নিয়ে চালু হওয়া তালিমুল কুরআন এন্ড রিসার্চ সেন্টারের উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তালিমুল কুরআন এন্ড রিসার্চ সেন্টারের অন্যতম উপদেষ্টা আব্দুস সবুর ফকির, উপদেষ্টা ড. শফিকুল ইসলাম মাসুদ, বাংলাদেশ মসজিদ মিশনের সেক্রেটারি ড. মাওলানা খলিলুর রহমান মাদানী। তালিমুল কুরআন এন্ড রিসার্চ সেন্টারের সেক্রেটারি সৈয়দ জয়নুল আবেদীন এর সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন উপদেষ্টা ড. আব্দুল মান্নান, মাওলানা মোশাররফ হোসেন খান প্রমুখ।

# শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা

**১৪ ডিসেম্বর ২০২৪**

## ভারত কখনো চায়নি বাংলাদেশ বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়াক – অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার










# মুগদা দক্ষিণ থানার সুধী সমাবেশ অনুষ্ঠিত

১৫ ডিসেম্বর ২০২৪

দ্বীন বিজয়ে আল্লাহর রাস্তায় ব্যয় করার ক্ষেত্রে সবাইকে অগ্রগামী হওয়া উচিত
- ড. শফিকুল ইসলাম মাসুদ




বাংলাদেশ জামায়াতে ইসলামী মুগদা থানা দক্ষিণ এর উদ্যোগে আয়োজিত এক সুধী সমাবেশ ভুতের আড্ডা চাইনিজ রেস্টুরেন্ট মুগদায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণ এর সংগ্রামী সেক্রেটারি জননেতা ড.শফিকুল ইসলাম মাসুদ। এ সমাবেশে মুগদা উত্তর থানার মুহতারাম আমীর ও সেক্রেটারিসহ কয়েকজন সুধী ভাইও উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তার বক্তব্যে জাহেলিয়াতের চরম জুলুম নির্যাতনের বর্ণনা দেন। বর্তমান জাহেলিয়াতের কঠিনতম চ্যালেঞ্জ মোকাবিলা করে ইকামাতে দ্বীনকে বিজয়ের জন্য ইনফাক ফি সাবিলিল্লাহর কাজে সকলকে শরিক হওয়ার আহবান জানান।বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন এডভোকেট রিয়াজুল ইসলাম, মুগদা উত্তর থানার আমীর এবং মুগদা দক্ষিণ এর প্রাক্তন আমীর জনাব বনি ইয়ামিন ও বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ মাও শাহ আলম। অতিথিবৃন্দ উপস্থিত সুধী ভাইদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন।

# জামায়াত ঢাকা মহানগরী দক্ষিণের মশক নিধন কর্মসূচি পালিত

১৫ ডিসেম্বর ২০২৪






ডেঙ্গু সচেতনতা ও প্রতিরোধে রাজধানীর পল্টনে বাংলাদেশ জামায়াততে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে মশক নিধন কর্মসূচি পালিত হয়। কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ডঃ শফিকুল ইসলাম মাসুদ কর্মসূচির উদ্বোধন করেন।

# বাংলাদেশ ল’ইয়ার্স কাউন্সিল সুপ্রীম কোর্ট শাখার বিজয় দিবসের আলোচনা সভা

## জামায়াতে ইসলামীর একজন নেতাকর্মীও মানবতাবিরোধী অপরাধ করেনি - ড. শফিকুল ইসলাম মাসুদ




স্বাধীনতার ৫৩ বছর পরও বাংলাদেশ আলোর পথ পায়নি। অন্ধকার জগত থেকে বাংলাদেশকে বের করে আলোর জগতে নিতে হলে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করতে হবে। বাংলাদেশ জামায়াতে ইসলামী আলোকিত বাংলাদেশ গড়তে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার আন্দোলন করে আসছে। এই আন্দোলনের প্রয়োজনীয়তা এদেশের ছাত্র-জনতা ৫৩ বছর পরে উপলব্ধি করতে পেরে জুলাই-আগস্টে উই ওয়ান্ট জাস্টিস প্রতিষ্ঠায় আন্দোলন করছে। এই ন্যায় বিচার মানুষের তৈরি আইনে কখনো হয়নি, হবেও না। ন্যায় বিচার প্রতিষ্ঠা হবে কেবলই ইসলামী রাষ্ট্র ব্যবস্থায় মন্তব্য করে উপস্থিত সুপ্রীম কোর্টের বিজ্ঞ আইনজীবীদের উদ্দেশ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারী ড. শফিকুল ইসলাম মাসুদ বলেন, একজন বিবেকবান আইনজীবী কি বলতে পারবেন মানুষের তৈরি আইনে ন্যায় বিচার হয় বা হয়েছে?- যদি ন্যায় বিচার হতো তাহলে জামায়াতে ইসলামীর নেতৃবৃন্দের বিরুদ্ধে ভারতের পরামর্শে শেখ হাসিনার সাজানো মামলায় সকলেই মুক্তি পেতো।

# বাংলাদেশ শ্রমিক কল্যান ফেডারেশনের দ্বি-বার্ষিক সম্মেলন

## ১৫ ডিসেম্বর ২০২৪






# মহান বিজয় দিবস উপলক্ষে জামায়াতে ইসলামীর বর্ণাঢ্য র‍্যালী ও সমাবেশ

১৬ ডিসেম্বর ২০২৪
























# রাজধানীতে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ কার্যক্রমের উদ্বোধন

**১৮ ডিসেম্বর ২০২৪**

পরিচ্ছন্ন সমাজ গঠনের জন্য পরিচ্ছন্ন নেতৃত্বের প্রয়োজন - মো. নূরুল ইসলাম বুলবুল










# গেন্ডারিয়া–ওয়ারী–সূত্রাপুর জোনের সূধী সমাবেশ

১৯ ডিসেম্বর ২০২৪

## জুলাই বিপ্লবে শহীদ-আহতদের সন্তানের শিক্ষার ব্যবস্থা করবে জামায়াতে ইসলামী - মো. নূরুল ইসলাম বুলবুল








# মহানগরী দক্ষিণ জামায়াতের পেশাজীবী সদস্য সম্মেলন অনুষ্ঠিত

## বাংলাদেশের এই ভূখন্ড জীবন দিয়ে হলেও জামায়াতের সদস্যরা রক্ষা করবে - রফিকুল ইসলাম খান




বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান বলেছেন, আমাদের প্রিয় জন্মভূমি বাংলাদেশের ৫৬ হাজার বর্গ মাইলের এই ভূখন্ড জীবন দিয়ে হলেও আমরা জামায়াতের সদস্যরা রক্ষা করবো সেই প্রতিশ্রুতি দিচ্ছি। আগামী দিনে একটি সুখী সমৃদ্ধশালী বাংলাদেশ গড়তে জামায়াতে ইসলামীকে সমর্থন দিতে দেশবাসীকেও আমরা আহবান জানাচ্ছি। জুমাবার (২০ ডিসেম্বর) দুপুরে ঢাকা মহানগরী দক্ষিণের পেশাজীবী বিভাগের উদ্যোগে আয়োজিত সদস্য সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ এর সভাপতিত্বে পেশাজীবী সদস্য সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর আব্দুস সবুর ফকির, কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি ড. আব্দুল মান্নান, ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য অ্যাডভোকেট এস এম কামাল উদ্দিন সহ বিভিন্ন পর্যায়ের পেশাজীবী নেতৃবৃন্দ।

## ওয়ারী থানা জামায়াতে ইসলামীর কর্মী সম্মেলন

# আওয়ামী লীগসহ তাদের সহযোগী সব দল ও সংগঠন নিষিদ্ধ করতে হবে - মো. নূরুল ইসলাম বুলবুল










আওয়ামী লীগের সহযোগী সব দল ও সংগঠন কে গণহত্যার দায়ে নিষিদ্ধ ঘোষিত সন্ত্রাসী সংগঠন হিসেবে ঘোষণা দিতে হবে। সোমবার রাতে ঢাকা মহানগরী দক্ষিণের ওয়ারী থানা জামায়াতে ইসলামীর কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।



# রমনা থানা জামায়াতে ইসলামীর কর্মী সম্মেলন

২৭ ডিসেম্বর ২০২৪

## শেখ মুজিবুর রহমান গণতন্ত্রকে গলা টিপে হত্যা করেছে, শেখ হাসিনা গণতন্ত্রকে কবর দিয়েছে - অধ্যাপক মুজিবুর রহমান








# “জুলাই–আগস্ট বিপ্লবে আহত ও পঙ্গুত্ব বরণকারীদের স্মৃতিচারণ”

২৮ ডিসেম্বর ২০২৪

## জামায়াতে ইসলামী রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলে প্রথম কাজ হবে শিক্ষিত জাতি গঠন - ডা. শফিকুর রহমান









# রাজধানীতে ছাত্রশিবিরের সায়েন্স ফেস্ট পরিদর্শনে জামায়াত নেতৃবৃন্দ

**২৯ ডিসেম্বর ২০২৪**

জামায়াতে ইসলামী রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলে প্রথম কাজ হবে শিক্ষিত জাতি গঠন - ডা. শফিকুর রহমান










# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ০৭ । জানুয়ারি ২০২৫

প্রকাশনায়

## বাংলাদেশ জামায়াতে ইসলামী
## ঢাকা মহানগরী দক্ষিণ

web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277